GAS TRANSMISSION COMPANY LIMITED

# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা।

## জিটিসিএল-এর সঙ্গে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে অংশীজনদের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থবছরের হাইব্রিড পদ্ধতিতে অনুষ্ঠিত ২য় অংশীজন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শাহনেওয়াজ পারভেজ<br>ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল |
| তারিখ | : | ০৫ জুন , ২০২৪ |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | হাইব্রিড পদ্ধতি |
| উপস্থিত সদস্য | : | রেকর্ডেড। |

০১। জিটিসিএল-এর সঙ্গে অংশীজনদের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে ২য় সভা ০৫-০৬-২০২৪ তারিখ, সকাল ১১.৩০ ঘটিকায় হাইব্রিড পদ্ধতিতে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা কমিটি, জিটিসিএল-এর সভাপতিত্বে কোম্পানির মহাব্যবস্থাপকবৃন্দ, 5 Tools এর ফোকাল পয়েন্টসহ অন্যান্য কোম্পানির প্রতিনিধিদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী অনুযায়ী এপিএ-এর আওতায় 5 Tools এর অন্তর্ভুক্ত জিআরএস-এর বিষয়ে কোম্পানির সর্বশেষ অবস্থা অংশীজনকে অবহিত করার লক্ষ্যে কোম্পানির অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত ফোকাল পয়েন্ট উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) জনাব মুহাম্মদ ইমামুল হক-কে কোম্পানির জিআরএস সংক্রান্ত হাল-নাগাদ তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। এতদপ্রেক্ষিতে কোম্পানির জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট সভায় কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় জিআরএস-এ অন্তর্ভুক্ত ৫টি কার্যক্রমের তথ্যাদি পাওয়ার পয়েন্ট আকারে সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, কোম্পানির অভিযোগ প্রতিকার বিষয়ে সকল কার্যক্রমের তথ্যাদি হালনাগাদপূর্বক কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি আরও জানান যে, কোম্পানির সেবা গ্রহণকারীণের জন্য অনলাইনে ও অফলাইনে কোম্পানিতে অভিযোগ দাখিলের সুযোগ রয়েছে। এ ছাড়াও কোম্পানির প্রধান কার্যালয়ে একটি অভিযোগ বক্স রাখা হয়েছে যা নিয়মিত মনিটরিং করা হয়। এ ছাড়া অফলাইন ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে কোম্পানির অনিক কর্তৃক নিষ্পত্তি করা হয়, যার রিপোর্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়ে থাকে।

০৩। পরবর্তীতে সভাপতি মহোদয় হাইব্রিড পদ্ধতিতে অনুষ্ঠিত সভার নোটিশের প্রেক্ষিতে সরাসরি এবং অনলাইনে সংযুক্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধিদের এতদবিষয়ের ওপর মতামত কামনা করেন। অনলাইনে যুক্ত পেট্রোবাংলার জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক(এলএনজি), প্রকৌ. দীন মোহাম্মদ এবং পেট্রোবাংলার আওতাধীন বিভিন্ন কোম্পানির প্রতিনিধিগণও সভায় যুক্ত থেকে তাদের অভিমত ব্যক্ত করেন। জিআরএস সংক্রান্ত জিটিসিএল-এর বিভিন্ন কার্যক্রমের বিষয়ে অন্যান্য কোম্পানির প্রতিনিধিগণ অবহিত হন এবং সন্তোষ প্রকাশ করেন।

০৪। আলোচনাকালে কোম্পানির পূর্ত কাজের ঠিকাদার মেসার্স ত্রয়ী এন্টারপ্রাইজের প্রতিনিধি জনাব শফিক আহমেদ সভায় অংশগ্রহনের জন্য আমন্ত্রন করায় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি সভায় জানান যে, জিটিসিএল এর কার্যক্রম অনেক প্রতিষ্ঠানের চেয়ে ভাল ও সন্তোষজনক। তিনি জানান যে, তাদের প্রতিষ্ঠান কর্তৃক ইতোপূর্বে জিটিসিএল এর বহু কাজ করা হয়েছে। তবে সম্প্রতি জিটিসিএল-এর কিছু দরপত্র দলিলে অসামঞ্জস্যতার কারনে তাদের প্রতিষ্ঠান কাজ পাচ্ছে না। বিষয়টি সুরাহা করার জন্য কর্তৃপক্ষের বরাবরে অনুরোধ করে। এ বিষয়ে সংশ্লিষ্ট ডিভিশন প্রধান দরপত্র দলিলে প্রদত্ত বিভিন্ন শর্ত প্রদানে যৌক্তিকতা সভায় উপস্থাপন করেন। এ পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় সভায় জানান যে, দরপত্রে স্বচ্ছতা আনয়ন এবং দরপত্র আরও প্রতিযোগি করার লক্ষ্যে দরপত্র দলিল প্রণয়নপূর্বক দরপত্র আহবান করা হয়ে থাকে। এ ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের প্রতি জিটিসিএল হতে পক্ষপাতিত্ব করা হয় না। তারপরও এক্ষেত্রে কোন অসামঞ্জস্য থাকলে তা দেখার আশ্বাস প্রদান করেন।

০৫। পরবর্তীতে উক্ত অংশীজন সভায় কোম্পানির চট্টগ্রাম বন্দর ও ঢাকা বিমান বন্দরের মাধ্যমে কোম্পানির রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় আমদানিকৃত বৈদেশিক মালামাল ছাড়করনের কাজে নিয়োজিত সিএন্ডএফ এজেন্ট মেসার্স আটলান্টিক ট্রেডার্স-এর স্বত্বাধিকারী জনাব শওকত আহমেদ সভায় জানান যে, তাঁর দীর্ঘ ব্যবসায়িক জীবনে এ প্রথম কোন প্রতিষ্ঠানের অংশীজন সভায় বক্তব্য প্রদানের সুযোগ পেয়েছেন। তিনি জিটিসিএল কর্তৃক ব্যতিক্রম ধরনের আয়োজিত অংশীজন সভায় বক্তব্য প্রদানের সুযোগ দেওয়ায় জিটিসিএল কর্তৃপক্ষকে ধন্যবাদ প্রদান করেন। তিনি সভায় জানান যে, জিটিসিএল একটি আদর্শ প্রতিষ্ঠান। জিটিসিএল-এ কার্যক্রমে তাঁরা সন্তুষ্ট এবং তাঁদের কোন অভিযোগ নেই।

০৬। তাছাড়া সভায় কোম্পানির আমদানিকৃত লাইনপাইপসহ অন্যান্য মালামাল বন্দর হতে প্রকল্প সাইটে পরিবহন কাজে নিয়োজিত ঠিকাদার মেসার্স ক্রাউন শিপিং এন্ড ট্রান্সপোর্ট এজেন্সির মালিক জনাব মঈন উদ্দিন সভায় অংশগ্রহনের আমন্ত্রন জানায় জিটিসিএল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি সভায় জিটিসিএল এর সেবায় সন্তোষ প্রকাশ করেন।

০৭। অতঃপর আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় অফলাইন ও অনলাইনে যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৬/২৪

(শাহনেওয়াজ পারভেজ)
ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল।

অনুলিপি:

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
২। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৩। ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৪। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৫। ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
৭। ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লি:।

৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লি:।
৯। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস্ কোম্পানি লি:।
১০। মহাব্যবস্থাপক (পরিকল্পনা), জিটিসিএল।
১১। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন- ইস্ট), জিটিসিএল।
১২। মহাব্যবস্থাপক (প্রশাসন), জিটিসিএল।
১৩। কোম্পানি সচিব (মহাব্যবস্থাপক), জিটিসিএল।
১৪। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন- ওয়েস্ট), জিটিসিএল।
১৫। মহাব্যবস্থাপক (অপারেশন) , জিটিসিএল।
১৬। মহাব্যবস্থাপক(অর্থ), জিটিসিএল।
১৭। উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) ও অনিক, জিআরএস, জিটিসিএল।
১৮। উপ-মহাব্যবস্থাপক ( এলএনজি) ও অনিক, পেট্রোবাংলা এবং আপিল কর্মকর্তা, জিআরএস, জিটিসিএল।।
১৯। উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্ল্যানিং এন্ড মনিটরিং), জিটিসিএল।
২০। প্রকল্প পরিচালক, অফ-ট্রান্সমিশন পয়েন্ট প্রকল্প, জিটিসিএল।
২১। উপ-মহাব্যবস্থাপক(বোর্ড) ও ফোকাল পয়েন্ট, জিআরএস, জিটিসিএল।
২২। উপ-ব্যবস্থাপক(সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল।
২৩। অফিস কপি।